দৈনিক বাংলা

তারিখ ... 14 AUG 1985 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 7 ...

009

# বেসরকারী স্কুলের বেতন

বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে লাগামহীন বেতনবৃদ্ধির অভিযোগ তুলেছেন একজন অভিভাবিকা। পত্রিকান্তরে প্রকাশিত এক চিঠিতে তিনি বলেছেন, একটি শিক্ষাপ্রতিষ্ঠানে এক বছরের মধ্যে দু'বার ছাত্রবেতন বৃদ্ধি করা হয়েছে।

আমাদের দেশে শিক্ষার ব্যয় সাধারণ মানুষের জন্যে এমনিতেই দুর্বহ। দারিদ্র্যের জন্যে সংখ্যাগরিষ্ঠ মানুষই পুত্রকন্যাকে শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠাতে পারে না। যারা কোনমতে পাঠাতে পারে, তাদেরও বেতন মেটাতে গিয়ে, বই খাতা পেন্সিলের খরচ যোগাতে গিয়ে প্রাণান্ত। সরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে বেতন কম। কিন্তু সরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যাইবা কত! শিক্ষার ভার তো বেসরকারী প্রতিষ্ঠানগুলিকেই বহন করতে হচ্ছে। অবশ্য গ্রামাঞ্চলের সংখ্যাগরিষ্ঠ শিক্ষাপ্রতিষ্ঠানই দরিদ্র। শহরের কিছু কিছু বেসরকারী প্রতিষ্ঠান আবার বেতন ও অন্যান্য ব্যয়ের কৌলীন্যে সুপরিচিত।

বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রবেতন সম্পর্কেও একটা নিয়ম-নীতি থাকা উচিত। যেমন খুশি, যখন খুশি বেতন ধার্য করা কোনমতেই সঙ্গত নয়। আশা করব, শিক্ষা দফতর দফায় দফায় বেতন বৃদ্ধির বিরুদ্ধে ব্যবস্থা নেবেন।